২৭/১২/২০২৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো
এফএ অ্যান্ড এমআইএস উইং
পরিসংখ্যান ভবন
ই-২৭/এ, আগারগাঁও, ঢাকা-১২০৭
www.bbs.gov.bd

স্মারক নম্বর-৫২.০১.০০০০.১০১.৪৫.৯৩৭.১৬ (অংশ-১) ৪৪৯৬

তারিখঃ ০৪ পৌষ ১৪৩০ / ১৯ ডিসেম্বর ২০২৩

পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের ১২ ডিসেম্বর ২০২৩ তারিখের ৫২.০০.০০০০.০১৯.২২.০০৫.২৩.১৯৬ সংখ্যক স্মারক পত্রের মর্ম মোতাবেক সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তঃ ০৬ (ছয়) পাতা।

(এইচ,এম, ফিরোজ)
পরিচালক (ভারপ্রাপ্ত)
ফোন: ৫৫০০৭০৬৮
ই-মেইল: firozsobbs@gmail.com

বিতরণঃ সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

(০১) পরিচালক (সকল) ............................................................ বিবিএস, ঢাকা।
(০২) পরিচালক, কম্পিউটার উইং, বিবিএস, ঢাকা (বিবিএস এর ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।
(০৩) স্টাফ অফিসার, মহাপরিচালকের দপ্তর, বিবিএস, ঢাকা।
(০৪) স্টাফ অফিসার, উপমহাপরিচালকের দপ্তর, বিবিএস, ঢাকা।
(০৫) অফিস কপি।

পরিচালকের দপ্তর
কম্পিউটার উইং, বিবিএস, ঢাকা

| | |
|---|---|
| সি. সিস্টেম এনালিস্ট (সিস্টেম) | * জরুরি উপস্থাপন করুন |
| যুগ্মপরিচালক | * প্রস্তাবসহ উপস্থাপন করুন |
| সি. এনালিস্ট প্রোগ্রামিং /কার্টোগ্রাফি | * প্রয়োজনীয় ব্যবস্থা নিন |
| সি. প্রোগ্রামার (ডাটা প্রসেসিং) | * আলোচনা করুন |
| উপপরিচালক (প্রশাসন/হিসাব) | * সংশ্লিষ্টদের অবহিত করুন |
| মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার (ডাটা সেন্টার) | * নথিজাত করুন |
| প্রকল্প পরিচালক (..................) | * ওয়েবসাইটে দিন |
| ফোকাল পয়েন্ট (..................) | * নোটিশ বোর্ড |
| ব্যক্তিগত সহকারী | |
| ডায়েরী নম্বর ১৬২০ | |
| তারিখ ২১/১২/২৩ | পরিচালক |

বিশ্বমানের জাতীয়
পরিসংখ্যান ব্যবস্থা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
তথ্য ব্যবস্থাপনা-২ শাখা
www.sid.gov.bd

স্মারক নম্বর: ৫২.০০.০০০০.০১৯.২২.০০৫.২৩.১৯৬

তারিখ: ২৭ অগ্রহায়ণ ১৪৩০
১২ ডিসেম্বর ২০২৩

বিষয়: **বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর বিভিন্ন শুমারি এবং জরিপের ডাটা সরবরাহ/বিক্রয় সংক্রান্ত বিদ্যমান নীতিমালা হালনাগাদকরণ সংক্রান্ত সভার কার্যবিবরণী প্রেরণ।**

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর বিভিন্ন শুমারি এবং জরিপের ডাটা সরবরাহ/বিক্রয় সংক্রান্ত বিদ্যমান নীতিমালা হালনাগাদকরণ সংক্রান্ত সভা এ বিভাগের সচিব মহোদয়ের সভাপতিত্বে গত ০৬/১২/২০২৩ তারিখ অনুষ্ঠিত হয়। উক্ত সভার অনুমোদিত কার্যবিবরণী তাঁর সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদ্‌সাথে প্রেরণ করা হলো।

সংযুক্তি: সভার কার্যবিবরণী।

১২-১২-২০২৩
কালাচাঁদ সরকার
উপসচিব
ফোন: +৮৮-০২-৫৫০০৭৩৮৩
ফ্যাক্স: +৮৮-০২-৫৫০০৭৩৭৪
ইমেইল: info@sid.gov.bd

বিতরণ :
১) অতিরিক্ত সচিব (সকল), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ।
২) মহাপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস)
৩) যুগ্মসচিব (সকল), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ।
৪) উপসচিব (সকল), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ।

স্মারক নম্বর: ৫২.০০.০০০০.০১৯.২২.০০৫.২৩.১৯৬/১

তারিখ: ২৭ অগ্রহায়ণ ১৪৩০
১২ ডিসেম্বর ২০২৩

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:
১) একান্ত সচিব , সচিবের দপ্তর, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির

১২-১২-২০২৩
কালাচাঁদ সরকার
উপসচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
তথ্য ব্যবস্থাপনা-২ শাখা
www.sid.gov.bd

বিষয়: বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর বিভিন্ন শুমারি এবং জরিপের ডাটা সরবরাহ/বিক্রয় সংক্রান্ত বিদ্যমান নীতিমালা হালনাগাদকরণ সংক্রান্ত সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | ড. শাহনাজ আরেফিন *এনডিসি*,<br>সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ |
| সময় ও তারিখ | : | ০৬ ডিসেম্বর ২০২৩ খ্রি., বুধবার, সকাল: ১০.০০ টা |
| স্থান | : | পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের সম্মেলন কক্ষ, ব্লক-এ |
| উপস্থিতি | : | পরিশিষ্ট 'ক' |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে যুগ্মসচিব (তথ্য ব্যবস্থাপনা) জনাব মাহমুদুর রহমান সভার আলোচ্যসূচি অনুযায়ী কার্যপত্র উপস্থাপন করেন। অত:পর বিবিএস এর পক্ষে কম্পিউটার উইং-এর পরিচালক জনাব কবির উদ্দিন আহমেদ বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর বিভিন্ন শুমারি এবং জরিপের ডাটা সরবরাহ/বিক্রয় সংক্রান্ত নীতিমালা'-র খসড়া পাওয়ার পয়েন্টে উপস্থাপন করেন।

২। আলোচনা:

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর বিভিন্ন শুমারি এবং জরিপের ডাটা সরবরাহ/বিক্রয় সংক্রান্ত বিদ্যমান নীতিমালাটি অনুমোদন না থাকায় বা পরিপত্র আকারে প্রকাশিত না হওয়ায় সময়ের পরিবর্তনে এটি হালনাগাদের প্রয়োজনীয়তা দেখা দেয়। বিদ্যমান ব্যবস্থায় সকল দেশী/বিদেশি প্রতিষ্ঠান বা সংস্থাকে বিশেষ গবেষণার কাজে শুমারির সর্বোচ্চ ৫% মাইক্রোডাটা ৫০০০ (পাঁচ) হাজার মার্কিন ডলার বা সমমূল্যের বাংলাদেশি মুদ্রার বিনিময়ে সরবরাহের কথা উল্লেখ রয়েছে, কিন্তু মাইক্রোডাটা সরবরাহের কথা উল্লেখ নেই। তাছাড়া, UN Fundamental Principle of Official Statistics (FPOS)-এর দশটি Principle-এর মধ্যে ০৬ নম্বর Principle অনুযায়ী ব্যক্তিগত তথ্যাদি সরবরাহে গোপনীয়তা নিশ্চিত করার কথা বলা হয়েছে।

এ প্রসঙ্গে সভাপতি বলেন, শুমারির ৫% ডাটা সরবরাহের বিষয়টি স্পষ্টীকরণ করা, তথ্যের গোপনীয়তা রক্ষা করা, ৫% এর পরিবর্তে ৫%-এর অধিক অথবা কম পরিমাণ ডাটা সরবরাহের ক্ষেত্রে কী পদ্ধতি গ্রহণ করা হবে তা নির্ধারণ করা প্রয়োজন। UN Standard অনুযায়ী বিভিন্ন দেশের ডাটা সরবরাহের পদ্ধতি, Anonymized ডাটা সরবরাহ, কোন কোন প্রতিষ্ঠান-কে ডাটা দেয়া যাবে, কিংবা দেয়া -

যাবে না, কোন ধরনের প্রতিষ্ঠানের সাথে MoU করা প্রয়োজন সে বিষয়ে ক্যাটাগরিকরণসহ MoU-এর ফরম্যাট নির্ধারণের বিষয়ে আলোচনা হয়। UN ফরমূলা/পারিপার্শ্বিকসহ দেশিও আইনসমূহ যাচাই করা, যে সকল ক্ষেত্রে প্রকাশনা বহির্ভুত আউটপুট টেবিল সরবরাহ করা প্রয়োজন সেক্ষেত্রে তথ্যমূল্য নির্ধারণসহ প্রাসঙ্গিক বিষয়সমূহ আমলে আনার বিষয়ে গুরুত্বারোপ করেন। তাছাড়া বিদ্যমান ব্যবস্থাটি নীতিমালা আকারে না থাকায় সঠিক ফরম্যাট অনুযায়ী একটি পূঙ্গার্ণ নীতিমালা করতে হবে সভায় আলোচনা হয়। নীতিমালা চুড়ান্ত করার ক্ষেত্রে আইন মন্ত্রণালয়ের পাশাপাশি মন্ত্রিপরিষদ বিভাগ অথবা মাননীয় প্রধানমন্ত্রীর অনুমোদন নেয়ার বিষয়টি আলোচিত হয়। সভায় তথ্যের মূল্য বাংলাদেশী টাকায় নির্ধারণসহ বিবিএস-এর আওতায় একটি ব্যাংক হিসাব খুলে সে একাউন্টের মাধ্যমে এতদ্‌সংক্রান্ত লেনদেন প্রতিপালনের বিষয় সভায় উপস্থাপিত হয়। শুমারি/জরিপসমূহের ডাটা আধুনিক পদ্ধতিতেও নিরাপদে সংরক্ষণ, দেশি/বিদেশী শিক্ষার্থীদের শুমারির ডাটা সরবরাহের ক্ষেত্রে ১% থেকে ১০% এর মধ্যে সীমিত রাখা, স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানকে মাইক্রোডাটা সরবরাহ না করার বিষয়টিও সভায় আলোচিত হয়। বিস্তারিত আলোচনা শেষে সভায় নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

<u>সিদ্ধান্তসমূহ:</u>

(১) বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর বিভিন্ন শুমারি এবং জরিপের ডাটা সরবরাহ/বিক্রয় সংক্রান্ত বিদ্যমান ব্যবস্থার পরিবর্তে সঠিক ফরম্যাট অনুযায়ী একটি পূর্ণাঙ্গ নীতিমালা করতে হবে;

(২) নীতিমালায় শুমারির ডাটা ৫% অথবা এর অধিক কিংবা কম পরিমান ডাটা সরবরাহের বিষয়টি স্পষ্ট করতে হবে;

(৩) ডেটা সরবরাহের ক্ষেত্রে অবশ্যই Anonymized ডাটা সরবরাহ করতে হবে, এবং এ বিষয়টি নীতিমালায় উল্লেখ করতে হবে;

(৪) অন্যান্য দেশে ডাটা সরবরাহের ক্ষেত্রে কোন কার্যক্রম প্রচলিত আছে তা যাচাই করতে হবে;

(৫) কোন ধরনের প্রতিষ্ঠানের সাথে MoU করা প্রয়োজন তার ক্যাটাগরি নির্ধারণসহ MoU এর ফরম্যাট তৈরী করতে হবে;

(৬) গবেষক/একাডেমিশিয়ান/উন্নয়ন সহযোগিতা প্রতিষ্ঠানকে ডাটা সরবরাহের বিষয়টি স্পষ্ট করতে হবে;

(৭) কোথায় ডাটা সংরক্ষিত থাকবে এবং কোথা থেকে ডাটা সরবরাহ করা হবে অর্থাৎ ডাটা সোর্স উল্লেখ করতে হবে;

(৮) ডাটা সরবরাহের পরিমাণের ভিত্তিতে তথ্যমূল্য নির্ধারণ এবং তথ্যমূল্য বাংলাদেশী টাকায় নির্ধারণ করতে হবে;

(৯) বিবিএস-এর অধীনে একটি ব্যাংক একাউন্ট খুলতে হবে। এ একাউন্টের মাধ্যমে তথ্যমূল্য সংক্রান্ত লেনদেন সম্পাদন করতে হবে;

(১০) UN ফরমূলা/পারিপার্শ্বিকসহ দেশিয় আইন-বিধি-বিধান যাচাই, আন্তর্জাতিক রীতি-নীতি এবং প্রাসঙ্গিক অন্যান্য বিষয় যাচাই-বাছাইপূর্বক একটি পূর্ণাঙ্গ নীতিমালার খসড়া আগামী ১৫ জানুয়ারি ২০২৪ তারিখের মধ্যে প্রস্তুত করতে হবে;

(১১) একটি নির্ধারিত সীমা পর্যন্ত ডাটা মহাপরিচালক, বিবিএস সরবরাহ করবে; নির্ধারিত সীমার অতিরিক্ত ডাটা সরকারের অনুমতি নিয়ে সরবরাহ করতে হবে;

(১২) সঠিক ফরম্যাটে সরবরাহ ও বিক্রয় সংক্রান্ত একটি পূর্ণাঙ্গ নীতিমালার খসড়া প্রস্তুতের লক্ষ্যে নয় সদস্য বিশিষ্ট নিম্নরূপ কমিটি গঠন করা হলো:

কমিটি গঠন:

| নং | পদবি ও কর্মস্থল | কমিটিতে অবস্থা |
|---|---|---|
| ১ | যুগ্মসচিব (তথ্য ব্যবস্থাপনা), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ | সভাপতি |
| ২ | উপসচিব (উন্নয়ন-২), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ | সদস্য |
| ৩ | উপসচিব (তথ্য ব্যবস্থাপনা-১), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ | সদস্য |
| ৪ | পরিচালক, কম্পিউটার উইং, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো | সদস্য |
| ৫ | উপসচিব (তথ্য ব্যবস্থাপনা-২), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ | সদস্য |
| ৬ | জনাব মোঃ কারামত আলী, সিনিয়র সিস্টেম এ্যানালিস্ট, বিবিএস | সদস্য |
| ৭ | জনাব মহিউদ্দিন আহমেদ, উপপরিচালক, ন্যাশনাল একাউন্টিং উইং, বিবিএস | সদস্য |
| ৮ | জনাব মো. আলমগীর হোসেন, উপপরিচালক, ডেমোগ্রাফি এন্ড হেলথ উইং, বিবিএস | সদস্য |
| ৯ | জনাব মোঃ ফারুক সোহেল, প্রোগ্রামার, কম্পিউটার উইং, বিবিএস | সদস্য-সচিব |

কমিটির কার্যপরিধি:

(ক) UN ফরমূলা/পারিপার্শ্বিকসহ দেশিও আইন-বিধি-বিধান যাচাই, আন্তর্জাতিক রীতি-নীতি যাচাই এবং প্রাসঙ্গিক অন্যান্য বিষয়াদি যাচাই-বাছাইপূর্বক সঠিক ফরম্যাটে একটি পূর্ণাঙ্গ নীতিমালার খসড়া আগামী ১৫ জানুয়ারি ২০২৪ তারিখের মধ্যে প্রস্তুত করতে হবে।

(খ) এ কমিটি প্রয়োজনে নতুন সদস্য (সর্বোর্চ্চ দুই জন) কো-অপ্ট করতে পারবে।

৩। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২২.১২.২০২৬

ড. শাহনাজ আরেফিন *এনডিসি*
সচিব
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ